

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৭১.১৯.৭১

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৬

১৯ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১১৭৪/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১২.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: হারুনুর রশিদ খন্দকার, পিতা: কাজী মো: নাজির আহমেদ খন্দকার, মাতা: মৃত আছিয়া খাতুন, গ্রাম: পালগিরি, পোস্ট: রহিমানগর এবং সহকারী সুপারিনটেনডেন্ট, রহিমানগর ইউসুফ সফর আলী দাবুল উলুম দাখিল মাদরাসা, পোস্ট: রহিমানগর, থানা: কচুয়া, জেলা: চাঁদপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৭৪/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, মাদরাসা কমিটি কর্তৃক আবেদনকারী জনাব মো: হারুনুর রশিদ খন্দকার (ইনডেক্স নং-০৩২৯১) এর বেতন-ভাতা বিগত ১৪.১২.২০০৮ থেকে ৩০.০৯.২০১৭ খ্রি: পর্যন্ত স্থগিত রাখা হয়। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে বেতন-ভাতার বকেয়া দাবী করে তিনি (আবেদনকারী) মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং-১১৭৪/২০১৯ মামলাটি দায়ের করেন।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে ২ নং রেসপনডেন্ট, পরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৫ (পাঁচ) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৪. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার নিমিত্ত কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, মামলাটির জবাব (*Affidavit in opposition*) আদালতে দাখিল হয়েছে কি-না, মামলাটির সর্বশেষ অবস্থা কী, উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী ইত্যাদি বিষয়ে প্রমাণকসহ তথ্য প্রয়োজন যাতে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যায়।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১১৭৪/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-৫-২০১৯

ড. মো: মহাবুব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৭১.১৯.৭১/১(৭)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



১৯-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)